

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৬১

কুমারঘাট, ২২ জানুয়ারি, ২০২৪

কুমারঘাট মহকুমাভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস  
ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন এক ঐতিহাসিক মুহূর্ত : তপশিলি জাতি কল্যাণমন্ত্রী

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন আমাদের কাছে এক ঐতিহাসিক মুহূর্ত। এই রাজ্যের ইতিহাস আমাদের জানতে হবে। রাজ্যটি একসময় কোথায় ছিল আর এখন কোথায় এসেছে। রাজ্যের বর্তমান সরকারের সময়ে এই রাজ্যের উন্নয়ন কতটুকু হয়েছে তা জানতে হবে। গতকাল ফটিকরায়ের নজরুল কলাক্ষেত্রে কুমারঘাট মহকুমাভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। অনুষ্ঠানে তিনি বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের যে সকল জনকল্যাণকর প্রকল্প চালু রয়েছে তা দলমত নির্বিশেষে সমস্ত অংশের মানুষের কাছে পৌছে দেওয়ার জন্য বর্তমান সরকার কাজ করছে। সরকারের লক্ষ্য সমাজের অস্তিম ব্যক্তির আর্থসামাজিক মানোন্নয়ন। তিনি বলেন, ত্রিপুরা এখন সবদিক দিয়েই এগিয়ে যাচ্ছে। উল্লেখ্য, কুমারঘাট মহকুমাভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষ্মে এদিন ফটিকরায় বালিকা উচ্চবুনিয়াদি বিদ্যালয়ে ৫টি বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। তাছাড়া নজরুল কলাক্ষেত্রের মধ্যে অনুষ্ঠিত হয় ওপেন কুইজ প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, কুমারঘাট শিক্ষক শিক্ষন মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. শ্রীবাস চন্দ্র শীল, সমাজসেবী পবিত্র দেবনাথ প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা শাসক সুব্রত কুমার দাস। অনুষ্ঠান সভাপতিত্ব করেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস। উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সদস্য নীলকান্ত সিনহা ও সমাজসেবী মনোজ কাস্তি পাল চৌধুরী।

\*\*\*\*\*